মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী,ঢাকা।

নং-স্বাঃ অধিঃ/প্রশা-৪/বিবিধ/সার্কুলার/২০১৮/৪৪৭৮ তারিখঃ০৩/১২/২০২০ইং

।। পরিপত্র ।।

সাম্প্রতিককালে বিভিন্ন সুত্রে জানা গেছে যে, স্বাস্থ্য অধিদপ্তরাধীন উপজেলা সমূহের মাঠ পর্যায়ে কর্মরত স্বাস্থ্য সহকারি, সহকারি স্বাস্থ্য পরিদর্শক এবং স্বাস্থ্য পরিদর্শকগণ তাদের বিভিন্ন দাবী আদায়ের লক্ষ্যে কর্মবিরতিসহ বিভিন্ন কর্মসূচী দিয়ে আসছেন। এমনকি হাম রুবেলার মত একটি জাতীয় কর্মসূচীতে অংশগ্রহন না করার সিদ্ধান্ত গ্রহন করেছেন।

২. হাম-রুবেলা ক্যাম্পেইন একটি জাতীয় ভাবে পালিত বিশেষ টিকাদান কর্মসূচী। এই কর্মসূচীর সফল বাস্তবায়নের সাথে দেশের আগামী দিনের ভবিষ্যত শিশুদের স্বাস্থ্য সুরক্ষা বিষয়টি জড়িত। বাংলাদেশের টিকাদান কর্মসূচী সারা বিশ্বে অত্যন্ত সফল একটি কর্মসূচী হিসেবে সমাদৃত। এই কর্মসূচীর সফল বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ MDG সহ আন্তর্জাতিক পর্যায়ে অনেক সুনাম অর্জন করেছে। মাননীয় প্রধানমন্ত্রী ভ্যাকসিন হিরো পুরস্কারে ভূষিত হয়েছেন। এই সাফল্য অর্জনে স্বাস্থ্য বিভাগের মাঠ পর্যায়ে কর্মরত স্বাস্থ্য সহকারি, সহকারি স্বাস্থ্য পরিদর্শক, স্বাস্থ্য পরিদর্শক এবং ইপিআই টেকনিশিয়ানগণের অংশীদারীত্ব অনস্বীকার্য। কিছু সংখ্যক স্বাস্থ্য সহকারি, সহকারি স্বাস্থ্য পরিদর্শক ও স্বাস্থ্য পরিদর্শকদের এহেন দায়িত্ব জ্ঞানহীন কর্মসূচী অনাকাঙ্খিত, অনভিপ্রেত এবং চাকুরী বিধির পরিপন্থি। যার ফলে দেশে-বিদেশে স্বাস্থ্য বিভাগের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে।

৩. আগামী ১২ ডিসেম্বর ২০২০ থেকে ৬ সপ্তাহব্যাপী হাম-রুবেলা ক্যাম্পেইন কার্যক্রম অব্যাহত থাকবে। হাম-রুবেলা ক্যাম্পেইনের কার্যক্রম চলাকালীন স্বাস্থ্য বিভাগের মাঠপর্যায়ের কোন কর্মচারী চাকুরি বিধি লঙ্ঘন করে সংগঠিত হয়ে দাবী আদায়ের নামে কর্মবিরতিসহ অন্যান্য যে কোন ধরনের কর্মকান্ডে অংশগ্রহন, সমর্থন অথবা টিকাদান কর্মসূচীকে বাধাগ্রস্থ করার চেষ্টা করলে তার বিরুদ্ধে সরকারি চাকুরী আইন ২০১৮ এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

৪. স্বাস্থ্য বিভাগের মাঠপর্যায়ে কর্মরত যে সকল স্বাস্থ্য সহকারি, সহকারি স্বাস্থ্য পরিদর্শক ও স্বাস্থ্য পরিদর্শক হাম রুবেলা ক্যাম্পেইনসহ অন্যান্য নিয়মিত টিকাদান কর্মসূচীতে অংশগ্রহন করবেন না অথবা কর্মসূচী বাধাগ্রস্থ হয় এমন কর্মকান্ডে লিপ্ত হবেন, সে সকল কর্মচারীদের বিরুদ্ধে সংশ্লিষ্ট পরিচালক (স্বাস্থ্য), সিভিল সার্জন এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণ বিধি মোতাবেক অতিসত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন পূর্বক অধিদপ্তরকে অবহিত করবেন।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

03/12/2020

(ডাঃ শেখ মোহাম্মদ হাসান ইমাম)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

নং-স্বাঃ অধিঃ/প্রশা-৪/বিবিধ/সার্কুলার/২০১৮/৪৪৭৮/১(০৪) তারিখঃ ০৩/১২/২০২০ইং

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলোঃ

১. পরিচালক (স্বাস্থ্য), ---------------------------------------------------------(সকল)।

২. সিভিল সার্জন, ---------------------------------------------------------------(সকল)।

৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ------------------------------------(সকল)।

৪. সিনিয়র সিস্টেম এনালিস্টি, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ ও ই-মেইলের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরন করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হলো ঃ

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃঃ আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা। দৃঃ আঃ সহকারি পরিচালক (সমন্বয়)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা।
৫. পরিচালক (পিএইচসি/এমআইএস/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা।
৬. লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএএইচ প্রোগ্রাম/সিবিএইচটি গ্রোগ্রাম, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্রোগ্রাম ম্যানেজার (ইপিআই), স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা।

03/12/2020

(ডাঃ শেখ মোহাম্মদ হাসান ইমাম)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।